আজকের কাগজ

৬

তারিখ ...৮।৪।৯৫.......

পৃষ্ঠা ৬ কলাম ৫......

# প্রতিষ্ঠার ২২ বছর পরও সখীপুর মুজিব কলেজে উন্নয়নের ছোঁয়া লাগেনি

প্রতিষ্ঠার দীর্ঘ ২২ বছর পর চলতি শিক্ষাবর্ষে সখীপুর থানার মুজিব কলেজ ডিগ্রী কোর্স চালু করা হলেও উন্নয়নের তেমন কোন ছোঁয়া লাগেনি। প্রতিষ্ঠার পর থেকে নানাবিধ সমস্যা কাঁধে নিয়ে বহু চড়াই উৎরাই পেরিয়ে আজ পর্যন্ত টিকে রয়েছে কলেজটি। কলেজটির নাম জাতির

পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে প্রতিষ্ঠিত হওয়ার কারণেই নাকি বিগত সরকারগুলোর উন্নয়নের ছোঁয়া লাগেনি এ কলেজে। ১৯৭২ সালে কাদের সিদ্দিকী বীরোত্তম বঙ্গবন্ধুর নামে কলেজটি প্রতিষ্ঠা করেন। থানা সদর থেকে ২ কিলোমিটার পূর্বে অবস্থিত এ কলেজটির উন্নয়নের দাবি উঠেছে অনেক সময়। তাতে কোন লাভ হয়নি। সম্প্রতি কলেজে ডিগ্রী কোর্স খোলায় একটি দাবি মিটলেও এখনো কলেজটি নানা সমস্যায় জর্জরিত।

টিনসেডের এ কলেজটিতে ক্লাসরুম সমস্যাই প্রধান সমস্যা। পর্যাপ্ত ক্লাসরুম না থাকায় অনেক সময় ছাত্রদের গাছের নিচে ক্লাস করতে দেখা গেছে। এ বছর ডিগ্রী কোর্স খোলাতে ক্লাসরুম সমস্যা আরো প্রকট আকার ধারণ করেছে। তাছাড়া কলেজে ছেলেদের কোন কমনরুম নেই। নেই প্রয়োজনীয় আসবাবপত্র, খেলাধুলার সরঞ্জাম। তাছাড়া বিজ্ঞানাগারে যন্ত্রপাতির অভাব রয়েছে। কলেজে একটি নলকূপ থাকলেও অধিকাংশ সময় তা নষ্ট থাকে। ছাত্রীদের কমনরুম থাকলেও প্রয়োজনের তুলনায় অনেক ছোট। ছাত্রদের ল্যাট্রিন সমস্যা থেকে শুরু করে হাজারো সমস্যা কলেজটিকে ঘিরে রেখেছে। লাইব্রেরীয়ান থাকলেও লাইব্রেরী নেই। নামেমাত্র ক'টি বই রয়েছে কিন্তু তা ছাত্রছাত্রীদের দেয়া হচ্ছে না।' থানা সদরে অবস্থিত কলেজটিতে কোনো ছাত্রাবাস নেই। ফলে দূরবর্তী ছাত্রছাত্রীদের পড়াশোনায় বিঘ্ন ঘটছে। সখীপুর থেকে শাকিল আনোয়ার।